গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd, যুউঅ.বাংলা

নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০২৯.১৯- ১৪৭৪ তারিখঃ ২৪।১০।২০১৯ খ্রিঃ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অন-লাইনে নির্ধারিত ছকে আবেদন আহবান করা যাচ্ছে :

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ক্রেডিট সুপারভাইজার (গ্রেড-১১)	১৫০টি	১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী।
০২	সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	০১টি	১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে। সাঁট লিখন গতি প্রতি মিনিটে ইংরেজী ৮০, বাংলায় ৫০ শব্দ। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার মুদ্রাক্ষর গতি বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ এবং ইংরেজী : প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ থাকিতে হইবে।
০৩	জুনিয়র প্রশিক্ষক (পোষাক) (গ্রেড-১৪)	০৫টি	১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত এবং পোশাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রদানের ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৪	গাড়ীচালক (গ্রেড-১৫)	০৭টি	৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	অষ্টম শ্রেণি পাশ। হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
০৫	প্রদর্শক (গ্রেড-১৬)	১৪টি	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ যুব উন্নয়ন অধিদপ্তরের যে কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে গবাদিপশু ও হাঁস-মুরগীপালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক ২(দুই) মাস ১৫(পনের) দিন মেয়াদী কোর্সে "ক" গ্রেডে উত্তীর্ণ।
০৬	মেকানিক হেলপার (গ্রেড-১৭)	০২টি	৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭)	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হার্ডওয়ার মেইনটেন্যান্স এ প্রশিক্ষণসহ মেকানিক হেলপার হিসেবে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
০৭	মৎস্য সহকারী (গ্রেড-১৮)	০১টি	৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮)	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণসহ ২(দুই) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরন এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে।

১. ৩০/১০/২০১৯খ্রি. তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সকল পদের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এস,আর,ও নং ১৮৩-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০, তারিখ : ৬ই আষাঢ় ১৪১২/২০ শে জুন ২০০৫ অনুযায়ী ১ জুলাই, ১৯৯৭ তারিখ হতে শুরু হওয়া উন্নয়ন বাজেটভুক্ত সরকার কর্তৃক অনুমোদিত সমাপ্ত প্রকল্পসমূহের জনবলের বয়সসীমা শিথিলযোগ্য।

৩. নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮-২৭৬ তারিখ : ৪ অক্টোবর ২০১৮ অনুযায়ী বিজ্ঞাপিত ক্রেডিট সুপারভাইজার (গ্রেড-১১) এবং সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) পদের ক্ষেত্রে কোন কোটা থাকবে না। বিজ্ঞাপিত অন্যান্য পদ গ্রেড ১৪-১৮ হওয়ায় কোটা পদ্ধতি যথাযথ অনুসরণ করা হবে।

৪. যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ২০১৩ সালে ক্রেডিট সুপারভাইজার পদের নিয়োগ বিজ্ঞপ্তি নং যুউঅ/প্র-৩০/২০১২-১৪৫ তারিখ : ৩১/০১/২০১৩ খ্রি. এ উল্লিখিত ১৬(ষোল) পদ এই নিয়োগ বিজ্ঞপ্তির আওতা বহির্ভূত থাকবে।

৫. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৬. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://dyd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩০/১০/২০১৯খ্রি. সকাল ১০.০০টা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২১/১১/২০১৯খ্রি. বিকাল ০৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID. ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ গ্রেড-১১ থেকে গ্রেড-১৬ পর্যন্ত ১০০/-(একশত) টাকা প্রার্থীদের আবেদন প্রেরণের সার্ভিস চার্জ ১২/-টাকাসহ মোট ১১২(একশত বার)টাকা মাত্র এবং গ্রেড-১৭ থেকে গ্রেড-১৮ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা প্রার্থীদের আবেদন প্রেরণের সার্ভিস চার্জ ৬/-টাকাসহ মোট ৫৬(ছাপান্ন)টাকা মাত্র অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : DYD<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DYD ABCDEF

Reply : Applicant's Name, TK 112/56 Will be charged as application fee, Your PIN is 12345678. To pay fee Type DYD <space> Yes <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS DYD <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DYD YES 12345678

Reply : Congratulations Applicant's Name, Payment completed successfully for DYD application for post xxxxxxxxx User ID is(ABCDEF) and password (xxxxxxxx).